

## মেয়র প্রার্থী হিসেবে প্রচারে বিরক্ত আনিসুল হকের পরিবার

নিজস্ব প্রতিবেদক ●

ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হকের মৃত্যুর পরপরই সম্ভাব্য মেয়র পদের প্রার্থীদের ছবি দিয়ে গণমাধ্যমে প্রতিবেদন প্রকাশ শুরু হয়েছে। এর মধ্যে আনিসুল হকের পরিবারের সদস্যদেরও ছবি ছাপা হয়েছে সম্ভাব্য প্রার্থী হিসেবে। এই প্রচারণায় বিরক্ত আনিসুল হকের পরিবার। গতকাল মঙ্গলবার ফেসবুকে এক স্ট্যাটাস দিয়ে এই বিরক্তির কথা জানিয়েছেন প্রয়াত আনিসুল হকের স্ত্রী রুবানা হক।

ফেসবুক স্ট্যাটাসে রুবানা হক এখনই তাঁর পরিবারের সদস্যদের সম্ভাব্য মেয়র প্রার্থী বানিয়ে প্রচারণা না করার আহ্বান জানিয়েছেন। তিনি লেখেন, 'আমরা কেউ রাজনৈতিক ব্যক্তিত্ব (পাবলিক ফিগার) নই। আপনারা যদি আমার পরিচিত হন বা কখনো আনিসকে (আনিসুল হক) ভালোবেসে থাকেন তাহলে আমাদের বাড়িতে আসুন। আমাদের মায়ার জালে জড়ান। দয়া করে আমাদের রাজনৈতিক ভবিষ্যৎ, মেয়র পদ লাভ কিংবা এ-জাতীয় কিছু নিয়ে গল্প-কাহিনি ছড়াবেন না।'

রাজনীতির মাহাত্ম্য তুলে ধরে রুবানা হক লেখেন, 'জনসেবা খুবই গুরুত্বপূর্ণ দায়িত্ব। একজন ভালো রাজনীতিক তাঁর চারপাশে পরিবর্তন নিয়ে আসতে পারেন। আনিস যদি জনসেবায় না আসতেন তাহলে তাঁর শেষ বিদায় এতটা ভালোবাসায় মোড়ানো হতো না। সুতরাং জনসেবার মতো বিষয় (পাবলিক সার্ভিস) নিয়ে আমাদের তামাশায় মেতে ওঠা উচিত নয়।'